



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

খাদ্য অধিদপ্তর



চলাচল পরিকল্পনা রেল ও সড়ক শাখা

খাদ্য ভবন, ১৬ আবুল গণি রোড, ঢাকা-১০০০

www.dgfood.gov.bd

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৮১.৫০.০০৮.১৭.১২৩৫

তারিখ: ৬ অগ্রহায়ণ ১৪২৮

২১ নভেম্বর ২০২১

বিষয়: চট্টগ্রামে কুতুবদিয়া/বহির্নোঙারে আমদানিকৃত গমবাহী MV. Voyager জাহাজ হতে মেজর ক্যারিয়ার, চট্টগ্রাম এর ঠিকাদারের মাধ্যমে নারায়ণগঞ্জ সাইলোতে ১৬৫৭৫ মে.টন ঢালা গম পরিবহণের অনুমোদন প্রদান

সূত্র: Seven Seas Shipping Lines এর ১৯/১১/২০২১ খ্রি. তারিখের SSSL1626VGR11021
নং স্মারক

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, MV. Voyager জাহাজ হতে মেজর ক্যারিয়ার, চট্টগ্রাম ঠিকাদারের লাইটারের মাধ্যমে চট্টগ্রাম কুতুবদিয়া/বহির্নোঙার হতে ১৬৫৭৫ মে.টন ঢালা গম নারায়ণগঞ্জ সাইলোতে পরিবহণের নিমিত্ত সূত্রস্থ স্মারকের পর্যালোচনায় নিম্নোক্তভাবে চলাচলসূচি অনুমোদনের জন্য অনুরোধ করা হয়েছে :

ক্র. নং	ঠিকাদারি প্রতিষ্ঠানের নাম	লাইটার জাহাজের নাম	পরিমাণ (মে.টন)	মন্তব্য
১.	মেসার্স প্লোবাল মার্কেন্টাইল শিপিং এন্ড ট্রেডিং	এম.ভি ইরা-৮	২০৫০	
২.	মেসার্স এস.টি ট্রেডিং ইন্টারন্যাশনাল	এম.ভি এন এইচ-১	২১০০	
৩.	মীম শরৎ কনস্ট্রাকশন	এম.ভি হ্যারত গোলামুর রহমান (বাবা ভান্ডারী)	২০০০	
৪.	মেসার্স কাজী সাহিদুর রহমান	এম.ভি ফয়সাল-১১	১২০০	
৫.	মেসার্স কাজী সাহিদুর রহমান	এম.ভি ফয়সাল-৯	১০০০	
৬.	মেসার্স ইরা কর্পোরেশন	এম.ভি এস এ বাশার-১০	১১২৫	
৭.	মেসার্স এস.টি ট্রেডিং ইন্টারন্যাশনাল	এম.ভি সাজেদা হোসেন	২০০০	
৮.	মীম শরৎ কনস্ট্রাকশন	এম.ভি ইয়া মেহেতার ইলিয়াছ ট্রান্সপোর্ট	১১০০	
৯.	এম.ভি. শাহজালাল নেভিগেশন লিঃ- মেসার্স বাবুল ট্রান্সপোর্ট এন্ড কোং (জেভিসিএ)	এম.ভি হ্যারত শাহ আলী বোগদাদী (রহঃ)	১১০০	
১০.	এম.ভি. শাহজালাল নেভিগেশন লিঃ- মেসার্স বাবুল ট্রান্সপোর্ট এন্ড কোং (জেভিসিএ)	এম.ভি মোজাদ্দেদ আল ফাসানী (রহঃ)	১১০০	
১১.	এম.ভি. শাহজালাল নেভিগেশন লিঃ- মেসার্স বাবুল ট্রান্সপোর্ট এন্ড কোং (জেভিসিএ)	এম.ভি হ্যারত খাজা বাবা ফরিদপুরী (রহঃ)	১৮০০	
		মোট =	১৬৫৭৫	

এমতাবস্থায়, Seven Seas Shipping Lines এর অনুরোধের প্রেক্ষিতে এবং ১১/১০/২০২১ খ্রি. তারিখে স্বাক্ষরিত

চতুর্পক্ষীয় MoU মোতাবেক MV. Voyager জাহাজ হতে মেজর ক্যারিয়ার, চট্টগ্রাম ঠিকাদারের লাইটারের মাধ্যমে চট্টগ্রাম কুতুবদিয়া/বহির্নোঙ্গার হতে ১৬৫৭৫ মেটন ঢালা গম নারায়ণগঞ্জ সাইলোতে পরিবহণের উপর্যুক্ত প্রস্তাবের অনুমোদন নিম্নোক্ত নির্দেশনাসমূহ যথাযথভাবে পরিপালনের শর্তে নির্দেশক্রমে প্রদান করা হলো।

নির্দেশনাসমূহ:

১। (ক) নারায়ণগঞ্জ সাইলোর উদ্দেশে মাদার ভেসেল থেকে পরিবাহিতব্য গম সাইলোতে প্রাপ্তি না হওয়া পর্যন্ত গমের সকল দায়-দায়িত্ব সরবরাহকারীর উপর বর্তাবে এবং Unloading এর ক্ষেত্রে Stevedoring খরচ সরবরাহকারী প্রতিষ্ঠানকে বহন করতে হবে। এক্ষেত্রে সরকারি কোন অর্থ ব্যয় করা যাবে না।

(খ) নারায়ণগঞ্জ সাইলোতে গম প্রহণের পূর্বে গমের বিনির্দেশ যথাযথ কি না তা পরীক্ষা করে নিশ্চিত হয়ে প্রহণ করতে হবে।

(গ) বিধি মোতাবেক অন্যান্য সকল নিয়মনীতি অনুসরণ করতে হবে।

(ঘ) চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক, চট্টগ্রাম ও সাইলো অধীক্ষক, নারায়ণগঞ্জ গম পরিবহণ, বোর্বাই ও খালাস কার্যক্রম তদারকি করবেন। কোথাও অনিয়ম বা সমস্যার উভব হলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ তাৎক্ষণিক ব্যবস্থা গ্রহণ করবেন এবং নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষসহ খাদ্য অধিদপ্তরকে ভরিত অবহিত করবেন;

২। জাহাজ/কোষ্টারের ঢালা গম পরিবহণের উপর্যুক্ততা যাচাই এর জন্য সার্টিফিকেট, বেক্রসিং সার্টিফিকেট, সেইফটি ইকুইপমেন্ট সার্টিফিকেট এর মূল/সত্যায়িত কপি এবং চলাচল ও জাহাজ লোডিং সংক্রান্ত যাবতীয় বিষয়াবলি অবলোকন/যাচাইপূর্বক চুক্তির শর্তাবলী ও অধিদপ্তরের নির্দেশনা অনুসরণ করে জাহাজের ধারণক্ষমতাকে আমলে এনে ঢালা গম বোর্বাইয়ের পর ভয়েস যাত্রার পূর্বে ভারসাম্য রক্ষার ব্যবস্থা নিতে হবে।

৩। সাধারণ বীমা কর্পোরেশন হতে বোর্বাইকৃত পণ্যের বীমা খাদ্য বিভাগের অনুকূলে গ্রহণপূর্বক চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক, চট্টগ্রাম গম পরিবহণ করবেন। বোর্বাই অবস্থায় জাহাজের ফ্রি বোর্ড (Free Board) নিরাপদ মাপে রাখার বিষয়টি নিশ্চিত করতে হবে।

৪। মেজর ক্যারিয়ার, চট্টগ্রাম রুটে জারিকৃত সূচির ঠিকাদারদের লাইটেনিং এর কার্যক্রম চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক, চট্টগ্রাম কর্তৃক সম্পন্ন হবে। এক্ষেত্রে MoU তে উল্লিখিত কুতুবদিয়া ও বহির্নোঙ্গারের পরিমাণ সঠিক রেখে লাইটারসমূহের ধারণক্ষমতা বিবেচনা করে চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক, চট্টগ্রাম ঠিকাদারদের অনুকূলে বরাদ্দকৃত গম হতে প্রয়োজনে কম/বেশি করে পরিবহণের সূচিকৃত সমুদয় গম পরিবহণের ব্যবস্থা নিবেন।

৫। এই সূচির মেয়াদ চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক, চট্টগ্রাম কর্তৃক নির্ধারিত হবে এবং চলাচল সংক্রান্ত যাবতীয় নীতিমালা পালন করতে হবে।

৬। সূচির নির্ধারিত মেয়াদের মধ্যে ঠিকাদার খাদ্যশস্য পরিবহণে ব্যর্থ হলে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণসহ জরুরি বিবেচনায় পরবর্তীতে নতুন সূচি কিংবা সরকারি স্বার্থে আগ্রহী ঠিকাদারদের অনুকূলে উপ-সূচি জারি করা হবে।

এতে মহাপরিচালক মহোদয়ের অনুমোদন রয়েছে।

২১-১১-২০২১

মোঃ ফজলে রামী হায়দার

উপ-পরিচালক

চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক

চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রকের কার্যালয়, চট্টগ্রাম

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৮১.৫০.০০৮.১৭.১২৩৫/১

তারিখ: ৬ অগ্রহায়ণ ১৪২৮
২১ নভেম্বর ২০২১

সদয় অবগতি ও কার্যাত্মক প্রেরণ করা হলো:

- ১) মহাপরিচালক (গ্রেড-১), খাদ্য অধিদপ্তর
- ২) অতিরিক্ত মহাপরিচালক (চলতি দায়িত্ব), অতিরিক্ত মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর
- ৩) পরিচালক, হিসাব ও অর্থ বিভাগ, খাদ্য অধিদপ্তর
- ৪) পরিচালক, সংগ্রহ বিভাগ, খাদ্য অধিদপ্তর
- ৫) পরিচালক, সরবরাহ, বন্টন ও বিপণন বিভাগ, খাদ্য অধিদপ্তর
- ৬) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, ঢাকা
- ৭) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, চট্টগ্রাম
- ৮) সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর। (খাদ্য অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)
- ৯) সাইলো অধীক্ষক, চট্টগ্রাম সাইলো
- ১০) সাইলো অধীক্ষক, নারায়ণগঞ্জ সাইলো
- ১১) জেলা খাদ্য নিয়ন্ত্রক, নারায়ণগঞ্জ, ঢাকা
- ১২) জেনারেল ম্যানেজার, সেভেন সীজ শিপিং লাইন্স, ৭২৮/৭৭৫, গোসালভাঙ্গা, স্টেন্ড রোড, চট্টগ্রাম-৮১০০



২১-১১-২০২১

মোঃ ফজলে রাক্তী হায়দার

উপ-পরিচালক